

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫.১৭১৭

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬

বিষয়: জুলাই-সেপ্টেম্বর ২০২৬ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।

১. জুলাই ২০২৫-জুন ২০২৬ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +৬.৮, +২.১, +০.২, +১০.৯, +১২.৫, +০.১, +৯.৯, + ১১.০, +৮.৯, -১১.২, -১৪.৫ ও -২৪.৯ (Bureau of Meteorology, Australia)।

২. জুন ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-২৯.৪%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। দক্ষিণপশ্চিম মৌসুমী বায়ু ১১ জুন ২০২৬ সারাদেশে বিস্তার লাভ করে। রংপুর বিভাগে স্বাভাবিক; ময়মনসিংহ ও সিলেট বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি এবং অন্যান্য বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত রেকর্ড করা হয়। ৫-৯, ১১-১২, ১৪-২১, ২৩-৩০ জুন ২০২৬ সময়ে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বৃষ্টিপাত এবং দেশের অনেক স্থানে হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ১৭৮ মি.মি. নেত্রকোনায় রেকর্ড (১২ জুন ২০২৬) করা হয়। দেশের অনেক অঞ্চলের উপর দিয়ে ১-৮, ১৩-১৮ ও ২৫- ২৯ জুন ২০২৬ পর্যন্ত মৃদু থেকে মাঝারী ধরণের তাপপ্রবাহ বয়ে যায়। জুন মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৮.৬°সে. (যশোর ০৪ জুন ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৮.৫°সে. (নেত্রকোণা ১৯ জুন ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৯°সে., ০.১°সে. ও ০.৫°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা জুন ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক জুলাই-সেপ্টেম্বর ২০২৬ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	জুলাই ২০২৬ খ্রিঃ		আগস্ট ২০২৬ খ্রিঃ		সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ		জুলাই ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	৩৭১	৩৬০-৩৮০	৩০১	২৮০-৩২০	২৬৩	২৫০-২৮০	৩০-৪০
ময়মনসিংহ	৪৩৭	৪৩০-৪৫০	৩৫৭	৩৪০-৩৬০	৩২১	৩১০-৩৩০	৩৫-৪৫
চট্টগ্রাম	৬৯৪	৬৮০-৬২০	৫০৫	৪৮০-৫১০	৩৪৫	৩৩০-৩৬০	৩০-৪০
সিলেট	৫৩৬	৫৩০-৫৫০	৪৭০	৪৬০-৪৮০	৩৭১	৩৬০-৩৮০	৩৫-৪৫
রাজশাহী	৩১১	৩০০-৩৩০	২৫১	২৪০-২৬০	২৬৭	২৬০-২৮০	২৫-৩৫
রংপুর	৪০৯	৪০০-৪২০	৩৫৫	৩৪০-৩৬০	৩৮৩	৩৭০-৩৯০	৩০-৪০
খুলনা	৩৬২	৩৫০-৩৮০	২৮৭	২৭০-২৯০	২৭৭	২৭০-২৯০	২৫-৩৫
বরিশাল	৫৩৫	৫৩০-৫৫০	৩৭৯	৩৭০-৩৯০	৩২৮	৩২০-৩৪০	৩০-৪০

১. বৃষ্টিপাত: দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

২. নিম্নচাপ: বঙ্গোপসাগরে ৪-৬টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ১-৩টি মৌসুমী নিম্নচাপে পরিণত হতে পারে।

৩. বজ্রঝড়: এ সময়ে দেশে ১০-১৫ দিন বজ্রপাত হতে পারে।


৪. তাপমাত্রা: দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।

৫. তাপপ্রবাহ: এ সময়ে বিচ্ছিন্নভাবে দেশে ৩-৫ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারি (৩৮-৩৯.৯° সে.) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইমেইল: minister@moa.gov.bd


১০১/০৭/২১
(মোঃ নূরুল করিম)
পরিচালক (রুটিন দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি